গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৩২০০.০০০.১৪.০৩৫.১৭-১৫৬৩

তারিখ: ২১ আশ্বিন ১৪২৬ / ০৬ অক্টোবর ২০১৯

বিষয়: গাইবান্ধা জেলা পরিষদের ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।

সূত্র : গাইবান্ধা জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ/গাই/৪৪৪; তারিখ: ২৭/৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ২০১৮-২০১৯ অর্থ বছরে গাইবান্ধা জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫,৭০,০০,০০০/- (পাঁচ কোটি সত্তর লক্ষ) টাকায় ৩৪৯টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প তালিকা পর্যালোচনায় দেখা যায়, অধিকাংশ প্রকল্প প্যাকেজ আকারে গ্রহণ করা হয়েছে যা ১.০০ (এক লক্ষ) টাকার নীচে। এক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের ৩০/০৮/২০১৮ তারিখের ১৫৯০ নং স্মারকের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্প গ্রহণ করা হয়নি। এছাড়া রেজিঃ বিহীন বিভিন্ন ক্লাব, সমিতি, সংঘের উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। জেলা পরিষদের মাধ্যমে এডিপি বরাদ্দকৃত অর্থে রেজিঃ বিহীন ক্লাব, সমিতি, সংঘের উন্নয়ন যুক্তিযুক্ত নয়।

২। এমতাবস্থায়, ২০১৮-২০১৯ অর্থ বছরে গাইবান্ধা জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫,৭০,০০,০০০/- (পাঁচ কোটি সত্তর লক্ষ) টাকায় গৃহীত প্রকল্পসমূহ স্থানীয় সরকার বিভাগের ৩০/০৮/২০১৮ তারিখের ১৫৯০ নং স্মারকের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী গ্রহণ করে পুনরায় প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬/১০/২০১৯
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, গাইবান্ধা।
৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।